রতন দে, বালুরঘাট, ১৪ নভেম্বর ঃ বাংলার লোকসংস্কৃতিতে কার্তিক পুজোর রয়েছে স্বতন্ত্র পরিচয়। পৌরাণিক দেবসেনাপতি কার্তিকের আরাধনাকে ঘিরে ধর্মীয় বিশ্বাসের পাশাপাশি জড়িয়ে রয়েছে সন্তানকামনা পারিবারিক প্রার্থনা এবং নানা আঞ্চলিক লোকাচার। কার্তিক মাসের শেষ দিনে অর্থাৎ সংক্রান্তিতে রাজ্যের বিভিন্ন এলাকায় এই পুজোর আয়োজন করা হয়। কোথাও বাড়িতে কোথাও আবার পাড়ার উদ্যোগে সর্বজনীন ভাবে পুজো হয়। বিশেষ করে পূর্ব বর্ধমানের কাটোয়া হুগলির চুঁচুড়া ও বাঁশবেড়িয়ায় কার্তিক পুজো ঘিরে গড়ে উঠেছে নিজস্ব উৎসবের পরম্পরা। হিন্দু পুরাণ অনুযায়ী কার্তিক শিব ও পার্বতীর পুত্র এবং দেবতাদের সেনাপতি। স্কন্দ কুমার ও ষড়ানন নামেও পরিচিত তিনি। পৌরাণিক আখ্যান অনুযায়ী তারকাসুরকে বধ করার জন্য তাঁর আবির্ভাব। ময়ূর তাঁর বাহন। সাধারণত অস্ত্রধারী সুদর্শন যুবকের রূপে তাঁর প্রতিমা নির্মাণ করা হয়। তবে বাংলার লোকাচারে কার্তিকের আরাধনার সঙ্গে যুক্ত হয়েছে আরও কিছু সামাজিক বিশ্বাস। নৃতাত্ত্বিক ও লোকসংস্কৃতি বিষয়ক গবেষণায় বাংলার কার্তিক আরাধনার সঙ্গে সন্তানকামনার সম্পর্কের উল্লেখ রয়েছে। নিঃসন্তান দম্পতির সন্তানলাভের প্রার্থনায় কার্তিকের পুজো করার প্রথা বিভিন্ন এলাকায় প্রচলিত। কার্তিকের মূর্তি বাড়িতে এনে ব্রত পালন এবং মনস্কামনা পূরণের জন্য পুজো দেওয়ার রীতির কথাও গবেষণায় উঠে এসেছে। তবে এই বিশ্বাস ধর্মীয় ও লোকাচারের অংশ এর কোনও বৈজ্ঞানিক ভিত্তি নেই। এই পুজোর অন্যতম আকর্ষণ কাটোয়ার কার্তিক লড়াই। পূর্ব বর্ধমানের এই শহরে কার্তিক পুজোকে কেন্দ্র করে প্রতিমা ও শোভাযাত্রার প্রতিযোগিতা চলে। বাঁশের কাঠামোয় একাধিক মাটির মূর্তি সাজিয়ে তৈরি করা হয় থাকা। তাতে পৌরাণিক কাহিনির বিভিন্ন চরিত্রের পাশাপাশি কার্তিক থাকেন মূল আকর্ষণ হিসেবে। কাটোয়া পুরসভার প্রকাশিত বিবরণেও কার্তিক লড়াইয়ের শোভাযাত্রা ও প্রতিযোগিতার বিশেষ পরিচয়ের উল্লেখ রয়েছে। তবে এই উৎসবের সূচনা নিয়ে বিভিন্ন মত প্রচলিত। ইতিহাসবিদদের একাংশের মতে ১৮শ শতকে তাঁতিদের হাত ধরে এই পরম্পরার বিকাশ ঘটে। আবার স্থানীয় লোককথায় সন্তানকামনায় কার্তিক পুজোর সূচনার কথাও বলা হয়। হুগলির চুঁচুড়ার গোলাবাগানের লড়াই কার্তিক ও পরিচিত। সংবাদমাধ্যমে প্রকাশিত ২০২২ সালের প্রতিবেদন অনুযায়ী উদ্যোক্তাদের দাবি ওই পুজো ১৭১ বছরের পুরনো। প্রতিমার সাজে ঢাল ও তরবারি ব্যবহারের পিছনে ব্রিটিশ আমলের একটি কাহিনি প্রচলিত রয়েছে। তবে সেই বিবরণের স্বাধীন ঐতিহাসিক প্রমাণ স্পষ্ট নয়। প্রাচীন বাংলায় কার্তিক আরাধনার প্রত্নতাত্ত্বিক নিদর্শনও পাওয়া গেছে। গবেষণাপত্রে দিনাজপুর-সহ উত্তরবঙ্গের বিভিন্ন অঞ্চল থেকে প্রাপ্ত কার্তিকের মূর্তির উল্লেখ রয়েছে। ফলে বাংলায় এই দেবতার আরাধনা যে দীর্ঘদিনের তার ঐতিহাসিক ভিত্তি রয়েছে। তবে পুজোর বর্তমান আঞ্চলিক রীতিগুলির সূচনাকাল নির্দিষ্ট করে বলা কঠিন। সব মিলিয়ে, বাংলার কার্তিক পুজো পৌরাণিক আখ্যান ধর্মীয় বিশ্বাস ও স্থানীয় লোকসংস্কৃতির এক মেলবন্ধন। অঞ্চলভেদে পুজোর রীতি ও উৎসবের ধরন বদলালেও লোকাচার এবং সামাজিক অংশগ্রহণই এই পরম্পরাকে আজও স্বতন্ত্র করে রেখেছে।



শিশুদের মুখে হাসি ফোটাতে শিশু দিবসে অভিনব উদ্যোগ 'সাথী পুরুলিয়া' স্বেচ্ছাসেবী সংস্থার

শেফালী মাহাতো, পুরুলিয়া, ১৪ নভেম্বর ঃ 'শিশুরা হলো আগামী দিনের ভবিষ্যত, প্রত্যেক শিশুর স্বপ্ন পূরণ হোক'- এই মহৎ প্রত্যাশা ও বার্তার মাধ্যমেই এদিন পালিত হলো বিশেষ দিনটি। শিশু দিবস উপলক্ষ্যে পুরুলিয়ার সক্রিয় স্বেচ্ছাসেবী সংস্থা 'সাথী পুরুলিয়া'-র পক্ষ থেকে দুটি প্রাথমিক বিদ্যালয়ের কচিকাঁচা পড়ুয়াদের হাতে তুলে দেওয়া হলো 'ভালোবাসার উপহার'। এদিন সংস্থার সদস্যরা উপস্থিত হন সিঁদুরপুর সাঁওতালডি প্রাথমিক বিদ্যালয় এবং আমজোড়া প্রাথমিক বিদ্যালয়ে। স্কুলের খুদে শিক্ষার্থীদের পড়াশোনার উৎসাহ বাড়াতে এবং তাদের মুখে হাসি ফোটাতে সংস্থার পক্ষ থেকে পঠনপাঠনের উপযোগী বিভিন্ন সামগ্রী উপহার দেওয়া হয়। উপহারের এই ঝুলিতে ছিল প্রয়োজনীয় খাতা, কলম, পেন্সিল, স্কেল, রবার এবং স্কুল ব্যাগ বা কলমদানি ইত্যাদি। 'সাথী পুরুলিয়া' সংস্থার এই ধরনের জনকল্যাণমূলক ও শিক্ষাবান্ধব উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন বিদ্যালয় দুটির শিক্ষক-শিক্ষিকা থেকে শুরু করে অভিভাবক ও স্থানীয় এলাকাবাসী। সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দিনেও শিশুদের কল্যাণে ও শিক্ষার প্রসারে এই ধরনের পাশ দাঁড়ানোর কাজ তাঁরা নিয়মিতভাবে চালিয়ে যাবেন।





ছটপুজো উপলক্ষে বস্ত্র ও খাদ্যশস্য বিতরণ কুশমণ্ডিতে কর্মসূচি বিধায়কের। বিধায়ক কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপভোক্তাদের হাতে সামগ্রী তুলে দিলেন তাপস চন্দ্র রায় মানুষের পাশে থাকার বার্তা।

DHAVAL EXPORTS LIMITED

CIN : L51900WB2005PLC101305

Regd. Office : P-9, Shibtolla Street, 4th Floor, Kolkata-700 007

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2026

[In terms of Regulation 47(1)(b) of the SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulation 2015]

(In Rupees)

Sl No.	Particulars	Quarter ended 30.09.2026	Year to date figures/Half year ended 30.09.2026	Corresponding 3 months ended in the previous year 30.09.2024
1	Total Income from Operations	-	3.50	3.00
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and / or Extraordinary items"#)	-5.05	-7.62	-1.30
3	Net Profit / (Loss) for the period (before Tax after Exceptional and / or Extraordinary items"#)	-5.05	-7.62	-1.30
4	Net Profit / (Loss) for the period (after Tax after Exceptional and / or Extraordinary items"#)	-5.05	-7.62	-1.30
5	The Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	-5.05	-7.62	-1.30
6	Equity Share Capital	99.60	99.60	99.60
7	Reserve (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year.	177.89	177.89	
8	Earning Per Share (of Rs. 10 /- each) (for continuing and discontinued operations)-			
	1, Basic :	-0.51	-0.76	-0.13
	2. Diluted:	-0.51	-0.76	-0.13

Notes :

a) The above is an extract of the detailed format of Quarterly / Annual Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly/ Annual Financial Results are available on the websites of the Stock Exchange(s) and the listed entity.

b) The impact on net profit/loss, total comprehensive income or any other relevant financial item(s) due to change(s) in accounting policies shall be disclosed by

c) #-Exceptional an/or Extraordinary items adjusted in the Statement of Profit and Loss in accordance with Ind -AS Rules / AS Rules, whichever is applicable.

Place : Kolkata

Date : 14.11.2026

FOR DHAVAL EXPORTS LIMITED

Sd/- Nitesh Jain

Director

জেনারেটররে জড়িয়ে গেল চুল, ছাত্রীর চরম পরিণতি


নিজস্ব প্রতিনিধি, নদীয়া, ১৪ নভেম্বর ঃ কালীপুজোর প্রতিমা নিরঞ্জনের আনন্দ মুহূর্তেই রূপ নিল গভীর শোকে। ভাসান চলাকালীন ইঞ্জিন ভ্যানে রাখা জেনারেটরের পাখায় মাথার চুল জড়িয়ে গিয়ে ঘটনাস্থলেই মর্মান্তিক মৃত্যু হল এক স্কুলছাত্রীর। মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটেছে নদীয়ার তাহেরপুর থানার অন্তর্গত বাদকুল্লা ২ নম্বর গ্রাম



পঞ্চায়েতের বাপুজিনগর পুরন্দরপুর এলাকায়। মৃত ছাত্রীর নাম দিয়া সরকার। সতেরো পেরিয়ে আঠারোর কোঠায় পা দেওয়া দিয়া স্থানীয় বাপুজিনগর হাই স্কুলের একাদশ শ্রেণির ছাত্রী ছিল। স্থানীয় ও পরিবার সূত্রে জানা গেয়েছে, প্রতিবছরের মতো এবারও বাপুজিনগর পুরন্দরপুর এলাকার শুভশ্রী সংঘ বারোয়ারির উদ্যোগে কালীপুজোর আয়োজন করা হয়েছিল। গতকাল রাতে এলাকা থেকে প্রায় এক কিলোমিটার দূরে গড়িয়াপোতা ঘাটে প্রতিমা বিসর্জন দিয়ে শোভাযাত্রা সহকারে ফিরছিলেন পুজো উদ্যোক্তা ও স্থানীয় বাসিন্দারা। শোভাযাত্রায় একটি ইঞ্জিন ভ্যানের ওপর জেনারেটর ও মাইক বাজছিল। মৃতার কাকা সরজিত সরকার জানান, ছোটবেলা থেকেই দিয়ার মাথার চুল অনেক লম্বা ছিল। বিসর্জন শেষে বাড়ি ফেরার পথে মাইকের তালে নাচতে নাচতে দিয়া হঠাৎই নিয়ন্ত্রণ হারিয়ে কাত হয়ে জেনারেটরের ওপর পড়ে যায়। মুহূর্তের মধ্যে চলন্ত জেনারেটরের পাখায় তার লম্বা চুল টেনে ধরে এবং জেনারেটরের সঙ্গে মাথায় সজোরে আঘাত লাগে। মৃতার জ্যাঠা প্রদীপ সরকার জানান, প্রতিবছরই রাস্তার ওপর এই বারোয়ারি পুজো হয় এবং সকলে মিলে বিসর্জনে যান। এদিন জেনারেটর ও মাইকের পাশেই নাচানাচি চলছিল। হঠাৎ কাত হয়ে পড়ে দিয়ার চুল জেনারেটরে জড়িয়ে যাওয়ার সঙ্গে সঙ্গেই মেশিনটি এমনিতেই বন্ধ হয়ে গিয়েছিল। কিন্তু ততক্ষণে দিয়ার মাথার সম্পূর্ণ চুল জেনারেটরে জড়িয়ে যাওয়ায় সে মাথায় গুরুতর আঘাত পায়। রক্তাক্ত অবস্থায় সেখানেই লুটিয়ে পড়ে ওই ছাত্রী এবং ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে পৌঁছায় তাহেরপুর থানার পুলিশ। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য শক্তিনগর জেলা হাসপাতালে পাঠিয়েছে। পাশাপাশি ভাসানে ব্যবহৃত সমস্ত গাড়ি এবং ঘাতক জেনারেটরসহ ইঞ্জিন ভ্যানটিকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। উৎসবের আবহে স্কুলছাত্রীর এমন অকালমৃত্যুতে গোটা পুরন্দরপুর ও বাদকুল্লা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। পুরো ঘটনার তদন্ত শুরু করেছে তাহেরপুর থানার পুলিশ।

শিশুদের অধিকার শিক্ষা ও সুরক্ষার অঙ্গীকার দেশজুড়ে পালিত শিশু দিবস

নিজস্ব প্রতিনিধি, বালুরঘাট, ১৪ নভেম্বর ঃ আজ ১৪ নভেম্বর দেশজুড়ে পালিত হচ্ছে শিশু দিবস। ভারতের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর জন্মবার্ষিকী উপলক্ষ্যে দিনটি শিশু দিবস হিসেবে পালিত হয়। ১৮৮৯ সালের এই দিনে জন্মগ্রহণ করেন নেহরু। শিশুদের প্রতি তাঁর স্নেহের কারণে তিনি চাচা নেহরু নামে পরিচিত ছিলেন। শিশুদের শিক্ষা স্বাধীন চিন্তাভাবনা এবং সুস্থভাবে বেড়ে ওঠার সুযোগের উপর তিনি গুরুত্ব দিতেন। শিশু দিবস উপলক্ষে দেশের বিভিন্ন প্রান্তে স্কুল শিক্ষাপ্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান খেলাধুলা গান ও আবৃত্তির আয়োজন করা হয়। তবে উৎসবের পাশাপাশি শিশুদের শিক্ষা স্বাস্থ্য পুষ্টি নিরাপত্তা এবং মৌলিক অধিকার নিশ্চিত করার প্রশ্নটিও এই দিনের আলোচনায় গুরুত্বপূর্ণ। ১৯৮৯ সালের ২০ নভেম্বর রাষ্ট্রপুঞ্জের সাধারণ পরিষদ গ্রহণ করে শিশু অধিকার সনদ। এই সনদ অনুযায়ী সাধারণভাবে ১৮ বছরের কম বয়সি প্রত্যেকেই শিশু। বৈষম্যহীনতা শিশুর সর্বোত্তম স্বার্থ জীবন ও বিকাশের অধিকার এবং শিশুর মতামতের প্রতি সম্মান-এই চারটি মূল নীতির উপর সনদটি প্রতিষ্ঠিত। ভারত ১৯৯২ সালের ১১ ডিসেম্বর সনদে যোগদান করে। উল্লেখযোগ্য আন্তর্জাতিক বিশ্ব শিশু দিবস পালিত হয় ২০ নভেম্বর। ভারতেও শিশুদের অধিকার রক্ষায় রয়েছে একাধিক সাংবিধানিক ও আইনি ব্যবস্থা। সংবিধানের ২১এ অনুচ্ছেদে ৬ থেকে ১৪ বছর বয়সি শিশুদের বিনামূল্যে ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার স্বীকৃত। ২০০৯ সালের শিক্ষার অধিকার আইন ২০১০ সালের ১ এপ্রিল থেকে কার্যকর হয়। শিশুদের যৌন নির্যাতন থেকে সুরক্ষায় রয়েছে পকসো আইন ২০১২। পাশাপাশি শিশুদের পরিচর্যা সুরক্ষা



পুনর্বাসন এবং আইনের সঙ্গে সংঘাতে জড়িত নাবালকদের জন্য রয়েছে কিশোর ন্যায়বিচার আইন ২০১৫। আইনি ব্যবস্থা থাকলেও শিশুশ্রম অপুষ্টি বিদ্যালয়ছুট বাল্যবিবাহ নির্যাতন এবং আর্থসামাজিক বৈষম্যের মতো সমস্যা এখনও উদ্বেগের বিষয়। বিশেষত প্রান্তিক ও আর্থিকভাবে দুর্বল পরিবারের শিশুদের শিক্ষা পুষ্টি ও নিরাপত্তার সুযোগ নিশ্চিত করা জরুরি। তাই শিশু দিবস শুধু সাংস্কৃতিক অনুষ্ঠান বা আনন্দ উদ্যাপনের মধ্যে সীমাবদ্ধ নয়। প্রতিটি শিশুর জন্য বৈষম্যহীন শিক্ষা নিরাপদ পরিবেশ সুস্বাস্থ্য এবং মত প্রকাশের অধিকার নিশ্চিত করার প্রশ্নও এই দিনের সঙ্গে জড়িত। শিশুদের ভবিষ্যতের পাশাপাশি তাদের বর্তমানকে সুরক্ষিত করার দায়িত্বও পরিবার সমাজ ও রাষ্ট্রের।

শিলিগুড়ির ঘাটগুলিতে ছট পুজোয় কড়া নিরাপত্তা, পরিদর্শনে গিয়ে প্রস্তুতি খতিয়ে দেখলেন মন্ত্রী শংকর ঘোষ

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৪ নভেম্বর ঃ আসন্ন ছট পুজো অত্যন্ত শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে তৎপর হয়েছে প্রশাসন। এই উদ্দেশ্যে শনিবার সকালে শিলিগুড়ির বিধায়ক তথা রাজ্যের পর্যটনমন্ত্রী শংকর ঘোষ শহরের অন্যতম প্রধান লালমোহন মৌলিক নিরঞ্জন ঘাট পরিদর্শন করে সেখানকার সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা ও অন্যান্য প্রস্তুতির খোঁজখবর নেন। পরিদর্শনের সময় তাঁর সঙ্গে শিলিগুড়ি পুরনিগমের ঊর্ধ্বতন আধিকারিকরাও উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে মন্ত্রী ঘাটগুলিতে পুণ্যার্থীদের সুযোগ-সুবিধা, পরিস্কার-পরিচ্ছন্নতা, আলোর বন্দোবস্ত এবং সুরক্ষার মানদণ্ডগুলি সরেজমিনে খতিয়ে দেখেন। পাশাপাশি, যেখানেই অতিরিক্ত সংস্কার বা ত্রুটি সংশোধনের প্রয়োজন রয়েছে, সেখানে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। সাংবাদিকদের মুখোমুখি হয়ে পর্যটনমন্ত্রী শংকর ঘোষ স্পষ্ট জানান, পুজো চলাকালীন কোনো পুণ্যার্থীকে যাতে সামান্যতম অসুবিধা না হয়, সেটাই প্রশাসনের প্রধান লক্ষ্য। সার্বিক ব্যবস্থাকে আরও সুসংহত করতে চলতি বছর শিলিগুড়ি শহরে অনুষ্ঠিত হতে যাওয়া সমস্ত ছট পুজো কমিটির একটি পূর্ণাঙ্গ তথ্যভাণ্ডার বা ডেটাবেস প্রস্তুত করা হচ্ছে, যেখানে প্রতিটি পুজো আয়োজনের স্থলের সমস্ত বিবরণ নথিভুক্ত থাকবে। এর সঙ্গেই পুজো আয়োজকদের উদ্দেশ্যে শব্দদূষণ রোধে কঠোর বার্তা দিয়েছেন মন্ত্রী। তিনি স্পষ্ট ভাষায় সতর্ক করে বলেছেন, ছট পুজোর নামে কোনো অবস্থাতেই ডিজে বা অতিরিক্ত শব্দযুক্ত উচ্চ আওয়াজের বাজি ফাটানো বরদাস্ত করা হবে না। নিয়ম মেনে উৎসবের পবিত্রতা ও গাম্ভীর্য বজায় রাখার জন্য প্রশাসনের পক্ষ থেকে সমস্ত কমিটির কাছে জোরালো আবেদন জানানো হয়েছে। উল্লেখ্য, ছট পুজো উপলক্ষে প্রতি বছর শিলিগুড়ির বিভিন্ন নদী ঘাটে লক্ষাধিক পুণ্যার্থীর ঢল নামে।

কলকাতার হাইকোর্টের নির্দেশ, কোচবিহারের ঐতিহাসিক সাগরদিঘিতে ছট পুজোর অনুমতি

নিজস্ব প্রতিনিধি, কোচবিহার, ১৪ নভেম্বর ঃ কোচবিহারের ঐতিহাসিক সাগরদিঘি চত্বরে ছট পুজো আয়োজন সংক্রান্ত দীর্ঘ আইনি জটিলতা ও অনিশ্চয়তার অবসান ঘটল। কলকাতা হাইকোর্টের সবুজ সংকেতে এবছরও সেখানে মহাসমারোহে ছট পুজো করার অনুমতি মিলেছে। আদালতের এই রায়ের পর স্থানীয় হরিজন সম্প্রদায় ও পুজো আয়োজকদের মধ্যে স্বস্তি ও আনন্দের জোয়ার বইছে। শনিবার সকালে এই রায় সামনে আসার পর বিশ্ব হিন্দু পরিষদের (ভিএইচপি) পক্ষ থেকে কোচবিহারে একটি বিশেষ প্রেস কনফারেন্সের আয়োজন করা হয়। সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে পুজো আয়োজকরা জানান, এর আগে ২০২৪ সালেও সাগরদিঘিতে ছট পুজো করার ক্ষেত্রে প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন বাধা সৃষ্টি করা হয়েছিল। সেবারও আদালতের হস্তক্ষেপেই পুজো সুসম্পন্ন হয়েছিল এবং বিগত দুই বছর ধরে সেখানে শান্তিপূর্ণভাবেই এই উৎসব পালিত হয়ে আসছে। তবে চলতি বছরে পুনরায় প্রশাসনিক অনুমতি পাওয়া নিয়ে জটিলতা তৈরি হয়। এই সমস্যার সুরাহা করতে আয়োজকরা প্রথমে জেলাশাসকের দপ্তর এবং পরবর্তীতে কোচবিহার দক্ষিণের বিধায়ক তথা বিধানসভার অধ্যক্ষ রথীঃন্দ্রনাথ বসুর সঙ্গে যোগাযোগ করেছিলেন। কিন্তু সেখান থেকেও কোনো স্থায়ী সমাধান না মেলায় বাধ্য হয়ে আয়োজকদের ফের কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হতে হয়। শেষপর্যন্ত উচ্চ আদালত পুজো করার অনুমতি দেওয়ায় স্বস্তির নিঃশ্বাস ফেলেছেন তাঁরা। এদিনের প্রেস কনফারেন্সে বিশ্ব হিন্দু পরিষদের জেলা নেতৃত্ব অভিযোগ করেন যে, একশ্রেণির মানুষের কথিত 'সেকুলার মানসিকতা'-র কারণে হরিজন সমাজকে তাঁদের মৌলিক ধর্মীয় আচার-অনুষ্ঠান পালনের জন্য বারবার অযথা হেনস্তা ও বাধার মুখে পড়তে হচ্ছে। যাবতীয় জল্পনা ও আইনি লড়াইয়ের অবসান ঘটিয়ে হাইকোর্ট ছট পুজোর অনুমতি দেওয়ায় আদালতের এই রায়কে 'ন্যায়ের জয়' বলেই অভিহিত করেছেন আয়োজক ও সমাজপতিরা।

বিজ্ঞপ্তি

আমমোক্তার দাতা- রাজেশ্বর পণ্ডিত, পিতা-জগন্নাথ পণ্ডিত, দোইলা, থানা- ইসুয়াপুর, জেলা-ছাপরা, বিহার। আমমোক্তার গ্রহীতা কমল পণ্ডিত, পিতা- জগন্নাথ পণ্ডিত। ন্যাশনাল প্রেস, পোঃ - বাকসাড়া, থানা- সাঁতরাগাছি, জেলা- হাওড়া। মৌজা-উত্তর বাকসাড়া, জে.এল. নং-০৭, আর.এস খতিয়ান-১০৫, আর. এস. দাগ নং- ২৪৯, এল.আর. দাগ- ৫৩৫, এল. আর. খতিয়ান- ৩১৭৭, ৩১৭৮, জমির পরিমান - ০.০২৪৪ একর বা ১ কাঠা ৭ ছটাক ৪২ বর্গফুট বাগান জমি, আমমোক্তার নামা দলিল নং ০০০৯৫৭, বুক নং ৪, পাতা- ১৬৬৭৭ হইতে ১৬৬৮৮, তারিখ- ১৬.১১.২০২৬ ডি.এস.আর. হাওড়া। এই আমমোক্তার নামা পত্র সম্পর্কে কাহারো কোন যদি অভিযোগ থাকে তাহা হইলে বি. এল. এ্যান্ড এল. আর. ও., বালি জাগাছা এক অফিসে ১০ (দশ) দিনের মধ্যে যোগাযোগ করুন। উক্ত আমমোক্তার নামা পত্র দেবাশীষ গঙ্গোপাধ্যায়, পিতা-দীনেন্দ্র নাথ গঙ্গোপাধ্যায় নামে মিউটেশন হইবে, যাহার কেস নং MN/2026/0503/9772

বিজ্ঞপ্তি

আমার মক্কেল পুস্পা দেবী স্বামী -বিজয় সিং, সাং ও পোঃ- বানিপুর, থানা-সাঁকরাইল, জেলা-হাওড়া ৭১১৩০৪, মহাশয়া উক্ত স্বপন কুমার ঘোষ ও বনমালী ঘোষ উভয়ের পিতা-পূর্ণচন্দ্র ঘোষ, সাং -রামচন্দ্রপুর, পোঃ ও থানা- সাঁকরাইল, জেলা- হাওড়া ৭১১৩ ১৩, মহাশয়গনের ৯.১২.২০২২ তারিখে রানিহাটী সাব রেজিস্ট্রী অফিসে রেজিঃ কৃত ৬৪৩৬ নং আমমোক্তার নামা দলিল দ্বারা নিযুক্ত আমমোক্তার কৌশিক সাহা পিতা- কাশীনাথ সাহা সাং- সাঁকরাইল সাহাপাড়া, পো- সাঁকরাইল, ও সন্দীপন দে পিতা- দ্বীপেন্দ্রনাথ দে সাং ও পোঃ- বানীপুর, উভয়ের থানা- সাঁকরাইল, জেলা- হাওড়া, উভয়ের নিকট হইতে জেলা- হাওড়া, থানা সাঁকরাইল, মৌজা রামচন্দ্রপুর গ্রামে ৩১ নং জে. এল. ভূক্ত, হাল এল, আর, ৩৪৭৬ ও ৩৪৭৭ নং খতিয়ানে, সাবেক ৭২ হাল ৭৮ নং দাগে কমিবেশি ২.৮৮৭৫ শতক সম্পত্তি ১.১০.২০২৬ তারিখে রানিহাটী সাব রেজিস্ট্রী অফিসে রেজিঃ কৃত ০৪৯৪৬ নং সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করিয়া নাম পত্তনে আবেদন করেন। উক্ত বিষয়ে দাতা ও স্বার্থ সংশ্লিষ্ট কাহারো আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট বি. এল এন্ড এল আর ও সাঁকরাইল এর নিকট আপত্তি জানাতে পারেন। অন্যথায় আইন আমলে আসিবেক।

SUMAN SHAW

ADVOCATE

Howrah Judges Court,

Mob 9038217117

অক্টোবর ২০২৬-এ মালবাহী লোডিং-এ ২৭.৭ শতাংশ বৃদ্ধি উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের

মালিগাঁও, ১৪ নভেম্বর ঃ উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে অক্টোবর ২০২৬-এ পণ্য পরিবহনের ক্ষেত্রে শক্তিশালী পারফরম্যান্স পঞ্জীভুক্ত করেছে। এই সময়ে ১.০৬৪ মিলিয়ন টন মাল লোড করেছে, যা অক্টোবর ২০২৫-এ রেকর্ড করা ০.৮৩৩ মিলিয়ন টনের তুলনায় ২৭.৭



শতাংশ বেশি। এপ্রিল থেকে অক্টোবর ২০২৬ পর্যন্ত মোট পণ্য পরিবহনের পরিমাণ ৭.২৯০ মিলিয়ন টন পর্যন্ত পৌঁছেছে, যা গত অর্থবছরের একই সময়ের ৬.৩৯০ মিলিয়ন টনের তুলনায় ১৪.১ শতাংশ বেশি। অক্টোবর ২০২৬-এ বেশ কয়েকটি প্রধান পণ্যের উল্লেখযোগ্য বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে। কয়লা লোডিং ১৬০ শতাংশ বৃদ্ধি পেয়ে ০.০১৩ মিলিয়ন টনে পৌঁছেছে, অন্যদিকে ডলোমাইট লোডিং ৬১.৩ শতাংশ বৃদ্ধি হয়ে ০.২৫৮ মিলিয়ন টন হয়েছে। ডলোমাইট লোডিং ৬১.৩ শতাংশ বৃদ্ধির সাথে ০.২৫৮ এমটি হয়েছে। খাদ্যশস্য লোডিং ৩৫০ শতাংশ বৃদ্ধি পেয়ে ০.০৫৪ মিলিয়ন টনে পৌঁছেছে অন্যদিকে ফল, শাকসবজি ও কাঠসহ বিভিন্ন পণ্য লোডিং ২২১.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ০.০৬১ মিলিয়ন টন হয়েছে। সার ও সিমেন্ট লোডিং যথাক্রমে ১২০ শতাংশ ও ৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা এই অঞ্চলে কৃষি ও নির্মাণের ক্ষেত্রে সহায়তা করেছে। এই বৃদ্ধি এপ্রিল-অক্টোবর ২০২৬-এর সময়কালে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের সামগ্রিক পারফরম্যান্সেও প্রতিফলিত হয়েছে। সিমেন্ট লোডিং ১৪৮.১ শতাংশ বৃদ্ধি পেয়ে ০.৯০৩ এমটি পর্যন্ত পৌঁছেছে, অন্যদিকে ডলোমাইট লোডিং ৪০ বৃদ্ধি পেয়ে ১.৬৮৭ এমটি হয়েছে। বিভিন্ন ধরণের পণ্য লোডিং-এর পরিমাণ ১০৬ শতাংশ বৃদ্ধি পেয়ে ০.২৭৪ মিলিয়ন টন হয়েছে। এছাড়া, গত বছরের একই সময়ের তুলনায় কয়লা ও কন্টেইনার লোডিং-এর পরিমাণ যথাক্রমে ১৬.৫ শতাংশ ও ১০.৩ শতাংশবৃদ্ধি পেয়েছে। নেট টন-কিলোমিটারে পরিমাপকৃত পণ্য পরিবহন অক্টোবর ২০২৬-এ ৪৭.৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে যা এক বছর আগের ৫১১ মিলিয়নের তুলনায় এটি বৃদ্ধি হয়ে প্রায় ৭৫৪ মিলিয়নে পৌঁছেছে। এই পরিমাপটি পরিবহনকৃত পণ্যের পরিমাণ এবং অতিক্রম করা দূরত্ব, উভয়কেই প্রতিফলিত করে। উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে তার গ্রাহকদের চাহিদা পূরণ করে এমন নির্ভরযোগ্য পণ্য পরিবহন পরিষেবা প্রদানের ওপর মনোযোগ নিবদ্ধ রেখেছে। খাদ্যশস্য, কৃষিপণ্য এবং উদ্যোগে ব্যবহৃত সামগ্রী পরিবহনের মাধ্যমে, রেলওয়ে কৃষকদের ও ব্যবসায়ীদের বৃহত্তর বাজারে পৌঁছাতে সহায়তা করে এবং উত্তর- পূর্বাঞ্চল ও তার বাইরে অর্থনৈতিক কার্যকলাপকে এগিয়ে নিতে সাহায্য করে।

প্রিমিয়ার অটো ফাইন্যান্স লিমিটেড

CIN: L65921WB1990PLC048885

নিবন্ধিত কার্যালয়: ১৪তম তল, স্যুট নং ১৪০৫, ওম টাওয়ার্স, ৩২, চৌরঙ্গী রোড, কলকাতা – ৭০০০৭১, ফোন নং +৯১-২২-৬৬৩০১১৫৬

ইমেল: abhishek@pafl.in, ওয়েবসাইট: www.pafl.in

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবর্ষের অনিরীক্ষিত একক আর্থিক ফলাফলের সারাংশ

(₹ হাজারে)

ক্রম নং	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্ত 30/09/2026 (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত 30/06/2026 (অনিরীক্ষিত)	ত্রৈমাসিক সমাপ্ত 30/09/2025 (অনিরীক্ষিত)	অর্ধবর্ষ সমাপ্ত 30/09/2026 (অনিরীক্ষিত)	অর্ধবর্ষ সমাপ্ত 30/09/2025 (অনিরীক্ষিত)	বর্ষ সমাপ্ত 31/03/2026 (নিরীক্ষিত)
1	কার্যক্রম থেকে মোট আয় (নিট)	16,120.54	14,892.12	15,433.96	31,012.67	30,479.72	61,362.72
2	সময়কালের নিট লাভ/(ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়সমূহের পূর্বে)	(3,502.64)	6,584.38	35,591.34	3,081.74	43,665.54	53,275.75
3	কর-পূর্ব সময়কালের নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়সমূহের পরে)	(3,502.64)	6,584.38	35,591.34	3,081.74	43,665.54	51,160.10
4	কর-পরবর্তী সময়কালের নিট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়সমূহের পরে)	(4,206.00)	4,283.02	33,764.00	77.03	41,336.03	47,345.36
5	সময়কালের মোট বিস্তৃত আয় [সময়কালের লাভ/(ক্ষতি) (কর-পরবর্তী) এবং অন্যান্য বিস্তৃত আয় (কর-পরবর্তী) সহ]	(3,396.76)	3,764.02	32,686.77	367.26	41,761.82	43,607.49
6	পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ১০/- টাকা)	50824.00	50824.00	50824.00	50824.00	50824.00	50824.00
7	শেয়ারপ্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (বার্ষিকীকৃত নয়): (টাকায়) মূল ও মিশ্রিত	(0.67)	0.74	6.43	0.07	8.22	8.58

টীকা:

১. উপরোক্ত ফলাফল নিরীক্ষা কমিটি কর্তৃক পর্যালোচিত এবং ১৪ নভেম্বর, ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভায় পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়েছে।

২. উপরোক্তটি সেবি (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ অনুযায়ী সিএসই লিমিটেডের কাছে দাখিল করা ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবর্ষের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত বিন্যাসের একটি সারাংশ। উক্ত ফলাফলের পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট https://www.cse-india.com/ এবং কোম্পানির ওয়েবসাইট www.pafl.in-এ পাওয়া যাবে।

প্রিমিয়ার অটো ফাইন্যান্স লিমিটেডের পক্ষে

স্বাক্ষরিত/-

অভিষেক গুপ্ত

ম্যানেজিং ডিরেক্টর

ডিআইএন: 05269803

তারিখ: 14/11/2026

স্থান: মুম্বাই

CENTURY EXTRUSIONS LIMITED

Regd. Office :

113 Park Street, N Block, 2nd Floor, Kolkata - 700016

E-mail: secretary@centuryextrusions.com

Website : www.centuryextrusions.com

Tel: +91(033) 2229 1012 /1291; Telefax: +91(033) 2249 5656

CIN : L27203WB1988PLC043705

STATEMENT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2026

(Rs. in lacs Except EPS)

	PARTICULARS	Quarter Ended 30.09.2026 Un-Audited	Quarter Ended 30.06.2026 Un-Audited	Quarter Ended 30.09.2025 Un-Audited	Six Months Ended 30.09.2026 Un-Audited	Six Months Ended 30.09.2025 Un-Audited	Previous Year Ended 31.03.2026 Audited
	PART-I						
1	Revenue from operation	17000	13836	10966	30836	21381	47856
2	Other Income	31	13	3	44	9	74
3	**Total Income from operation (1+2)**	**17031**	**13849**	**10969**	**30880**	**21390**	**47930**
4	Expenses						
	a) Cost of materials consumed	15073	12262	9021	27335	17027	39686
	b) Changes in Inventories of finished goods, work in progress and stock in trade	(1536)	(1412)	(577)	(2948)	(747)	(2443)
	c) Employee benefits expense	702	544	510	1246	1005	2129
	d) Finance Cost	359	370	302	729	569	1073
	e) Depreciation and amortisation expense	209	206	111	415	233	586
	f) Other expenses	1745	1377	1245	3122	2632	5309
	Total Expenses	16552	13347	10612	29899	20719	46340
5	**Profit(+) / Loss(-) before exceptional items (3-4)**	**479**	**502**	**357**	**981**	**671**	**1590**
6	Exceptional Items	—	—	—	—	—	79
7	**Profit(+) / Loss(-) before tax (5-6)**	**479**	**502**	**357**	**981**	**671**	**1511**
8	**Tax Expenses**						
	(1) Current tax	125	125	87	250	165	454
	(2) Deferred tax	(7)	—	(6)	(7)	(6)	(40)
9	**Net Profit(+) / Loss(-) after Tax (7- 8)**	**361**	**377**	**276**	**738**	**512**	**1097**
10	Other Comprehensive Income / (Loss)	6	6	—	12	1	6
11	**Total Comprehensive Income for the period (9+10)**	**367**	**383**	**276**	**750**	**513**	**1103**
12	Paid-up equity share capital (Face Value of Re.1/- each)	800	800	800	800	800	800
13	Reserves excluding revaluation reserves as per Balance Sheet of previous accounting year	—	—	—	—	—	—
14	**EPS for the period (Rs.) (not annualised)**						
	a. Basic	0.45	0.47	0.35	0.92	0.64	1.37
	b. Diluted	0.45	0.47	0.35	0.92	0.64	1.37

STATEMENT OF ASSETS AND LIABILITIES

(Rs. in Lacs)

	PARTICULARS	30-Sep-2026 Unaudited	31-Mar-2026 Audited
A	**ASSETS**		
1	**Non-Current Assets**		
	a) Property, Plant & Equipment	2180	2489
	b) Capital Work-in-progress	2586	1873
	c) Intangible Assets	11	12
	d) Right of use Assets	686	726
	e) Intangible Assets under development	122	43
	f) Financial Assets		
	i) Loans	59	59
	ii) Other Financial Assets	17	10
	g) Deferred Tax Assets (Net)	69	66
	h) Other Non-Current Assets	204	119
	Sub-total Non-Current Assets	**5934**	**5397**
2	**Current Assets**		
	a) Inventories	9773	6816
	b) Financial Assets		
	i) Trade Receivable	4824	3562
	ii) Cash & Cash Equivalents	47	28
	iii) Other Bank Balances	629	635
	iv) Loans	14	9
	v) Other Financial Assets	359	18
	c) Other Current Assets	2567	2281
	Sub-total Current Assets	**18213**	**13349**
	TOTAL ASSETS	**24147**	**18746**
B	**EQUITY AND LIABILITIES**		
1	**Equity**		
	a) Share Capital	800	800
	b) Other Equity (Reserve & Surplus)	8239	7490
	Total Equity	**9039**	**8290**
	Liabilities		
2	**Non-Current Liabilities**		
	a) Financial Liabilities		
	i) Borrowings	417	21
	ii) Other Financial Liabilities	402	482
	b) Provisions	84	123
	Sub-total Non-Current Liabilities	**903**	**626**
3	**Current Liabilities**		
	a) Financial Liabilities		
	i) Borrowings	7120	6193
	ii) Trade Payable		
	total outstanding dues of micro enterprises and small enterprises	20	12
	total outstanding dues of creditors other than micro enterprises and small enterprises	5455	2664
	iii) Other Financial Liabilities	180	148
	b) Other current liabilities	1223	537
	c) Provisions	4	2
	d) Current Tax Liabilities (net)	203	274
	Sub-total Current Liabilities	**14205**	**9830**
	Total Liabilities	**24147**	**18746**

NOTES :

1 The above results have been reviewed by the Audit Committee at their meeting held on 14th November, 2026 for the quarter and half year ended 30th September, 2026 and thereafter were approved by the Board of Directors at their meeting held on 14th November, 2026.

2 The Company has two business segments i.e. manufacturing of Aluminium Extruded Products and manufacturing Transmission and Distribution Line Hardware. However, the Company does not fall under any of the criteria laid down under Ind AS - 108 and hence segment Reporting not applicable.

3 The above is an extract of the detailed fromat of quarterly results filed with the Stock Exchange under Regulation 33 of SEBI (Listing Obligation and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the quarterly results are available on the Stock Exchange of BSE at **www.bseindia.com**, NSE at **www.nseindia.com** and on Company's website at **www.centuryextrusions.com**

4 Ind AS 115, Revenue from Contracts with Customers, mandatory for reporting periods beginning on or after April 1, 2018, replaces the existing revenue recognition requirements. As per the assessment of the Company, on adoption of Ind AS 115, there is a decrease in the profit of the Company by Rs. 5.48 lakhs for the half year ended 30th September, 2026.

5 These financial results have been prepared in accordance with the recognition and measurement principles of Indian Accounting Standards("IND AS") prescribed under Section 133 of the Companies Act,2013 read with the relevant rules issued thereunder and the other accounting principles generally accepted in India.

6 "During the financial year subsequent to the half year ended 30th september, 2026, the Company has issued and allotted 3,00,00,000 Number of Partly Paid Equity Shares of face value Rs.1/- each at premium of Rs. 14/- per share on a rights basis to the existing equity shareholders of the Company, in accordance with the Companies Act, 2013, SEBI Regulations and other regulations, as applicable. The rights issue was made in the ratio of 3 equity shares for every 8 existing equity shares held by the shareholders as on the record date."

Place : Kolkata

Date : 14.11.2026

For Century Extrusions Ltd.

Shivanshu Jhunjhunwala

Chairman and Managing Director

DIN : 05252910